



নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৮১.১৮ - ১০২

তারিখঃ ০৪ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ
২০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ

প্রাপকঃ ইউ এস রোকেয়া আক্তার
পিএইচডি গবেষক
রোড:১২, বাড়ি: ০৯
ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫

বিষয়ঃ পিএইচডি গবেষণার বিপরীতে গৃহীত অর্থ ফেরৎ প্রদান এবং চুক্তি বাতিল সংক্রান্ত চূড়ান্ত নোটিশ।

গবেষণার শিরোনামঃ "Language Culture and Schooling: A Sociological Study on Secondary Schools in Dhaka City" - শীর্ষক পিএইচডি গবেষণা

সূত্রঃ (১) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-১০০৫, তারিখঃ ১৪/১১/২০১৬ খ্রিঃ
(২) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.৫০১.১৬-২১৭, তারিখঃ ১২/০২/২০১৭ খ্রিঃ
(৩) পরিকল্পনা বিভাগের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৮১.১৮-৫০২, তারিখঃ ০৩/০৬/২০১৯ খ্রিঃ


মহোদয়,

উপর্যুক্ত বিষয় এবং সূত্রসমূহের প্রতি আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ৭০,০০০/- (সত্তর হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ২৫/০১/২০০৬ খ্রি: তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ১৮ (আঠার) মাস বিধায় ২৪/০৭/২০০৭ খ্রি: তারিখে চুক্তির মেয়াদ উত্তীর্ণ হয়।

০২। ইতিপূর্বে আপনি চুক্তিনামা অনুযায়ী ১ম ও ২য় কিস্তি বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা গ্রহণ করেছেন। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পর আপনার গবেষণা কর্মের চূড়ান্ত প্রতিবেদন জমাদান ও সনদপ্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় কাগজাদিসহ অবশিষ্ট কিস্তিসমূহের অর্থ গ্রহণের জন্য আবেদন করেননি। ফলে আপনার গবেষণা কর্মটি পরিষদে সমাপ্ত করা যাচ্ছে না। এ বিষয়ে সূত্রে উল্লিখিত পত্র মারফত আপনাকে অনুরোধ করা হয়েছিল। এ বিষয়ে আপনার নিকট হতে উপযুক্ত কোন জবাব বা গৃহীত অর্থ ফেরৎ পাওয়া যায়নি।

০৩। চুক্তিনামার শর্তাবলীর 'চ' উপধারা মোতাবেক গৃহীত ১ম ও ২য় কিস্তি বাবদ সর্বমোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে কোড নং-১ ১৪০১ ০০০১ ২৬৮১ তে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর মূলকপি সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কার্যালয়ে আগামী ০১(এক) মাসের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করছি। উক্ত সময়ের মধ্যে গৃহীত অর্থ জমাদানে ব্যর্থ হলে সরকারের বিদ্যমান বিধি/আইন অনুযায়ী আপনাকে প্রদত্ত অর্থ উদ্ধারের জন্য প্রয়োজনীয় সকল প্রক্রিয়া শুরু করা হবে।

০৪। এমতাবস্থায়, জনস্বার্থে বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে আগামী ০১(এক) মাসের মধ্যে গৃহীত কিস্তিসমূহের অর্থ ফেরৎ প্রদানের জন্য পুনরায় চূড়ান্ত অনুরোধ করা হলো।


আপনার বিশ্বস্ত

০৪/০৪/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৮১.১৮ - ১০২

তারিখঃ ০৪ এপ্রিল, ২০২১ খ্রিস্টাব্দ
২০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। গবেষণা অনুসন্ধানী, এসএসআরসি, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(এসএসআরসির Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (এসএসআরসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জামানতকারী আবরারুর রহমান, ব্যবস্থাপক, মারচ্যান্ডাইজিং ডিপার্টমেন্ট, সিঞ্জার বাংলাদেশ, সাভার, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি।


০৪/০৪/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা